



## চট্টগ্রাম প্রিমিয়ার ভার্শিটির সমাবর্তন আজ

প্রকাশিত: ২১ - জুলাই, ২০১৯ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥ উৎসবমুখর পরিবেশ বিরাজ করছে চট্টগ্রামের প্রিমিয়ার ইউনিভার্সিটির ৫ ক্যাম্পাস জুড়ে। রবিবার এ ইউনিভার্সিটির দ্বিতীয় সমাবর্তন সকাল ১০টায় নগরীর নেভী কনভেনশন সেন্টারে রাষ্ট্রপতি ও এই ইউনিভার্সিটির চ্যান্সেলরের মনোনীত প্রতিনিধি হিসেবে সভাপতিত্ব করবেন শিক্ষামন্ত্রী ডাঃ দীপু মনি। এই সমাবর্তনে অংশগ্রহণের জন্য ১ হাজার ১১২ গ্র্যাজুয়েট তাদের নিবন্ধন সম্পন্ন করেছেন। নগরীর প্রবর্তক মোড়ে অবস্থিত একাডেমিক ভবন থেকে জিইসি মোড়ের ক্যাম্পাস হয়ে মূল সড়ক ধরে নেভী কনভেনশন হল পর্যন্ত সড়ক বর্ণাঢ্য সাজে সাজানো হয়েছে। ইউনিভার্সিটির লোগো সংবলিত পতাকা সড়কজুড়ে লাগানো হয়েছে। প্রথমবারের সমাবর্তনের চেয়ে এবারের অনুষ্ঠান আরও জাঁকজমকপূর্ণভাবে করার সর্বাত্মক প্রয়াস চলছে বলে ইউনিভার্সিটি সূত্রে জানানো হয়েছে। এ অনুষ্ঠানে বিশেষ অতিথি হবেন শিক্ষা উপমন্ত্রী ব্যারিস্টার মহিবুল হাসান চৌধুরী। ইউনিভার্সিটির জনসংযোগ কর্মকর্তা শামসুল আরেফিন জানান, আজকের সমাবর্তন নিয়ে বিভিন্ন জাতীয় ও স্থানীয় দৈনিকে ক্রোড়পত্র প্রকাশ করা হচ্ছে। সমাবর্তনে স্পীকার থাকবেন ইন্সট ওয়েস্ট ইউনিভার্সিটির প্রতিষ্ঠাতা উপাচার্য ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গবর্নর প্রফেসর ড. মোঃ ফরাসউদ্দীন। বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান প্রফেসর ড. শহীদ উল্লাহও অনুষ্ঠানে বিশেষ অতিথি থাকবেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখবেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য বিশিষ্ট সমাজ বিজ্ঞানী ও শিক্ষায় একুশে পদকপ্রাপ্ত প্রফেসর ড. অনুপম সেন। উল্লেখ্য, চট্টগ্রাম নগরীর টানা সতেরো বছরের মেয়রের দায়িত্ব পালনকারী আওয়ামী লীগ নেতা মরহুম আলহাজ এবিএম মহিউদ্দিন চৌধুরী এ ইউনিভার্সিটির উদ্যোক্তা। জীবদ্দশায় তিনি এই ইউনিভার্সিটির পাঁচটি ক্যাম্পাস প্রতিষ্ঠা করে গেছেন। বর্তমানে ১২ হাজারেরও বেশি শিক্ষার্থী এ ইউনিভার্সিটিতে অধ্যয়নরত।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইফাটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com